**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:-06-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :-

(১) আজ কোজাগরী লক্ষ্মীপূজা। পূর্ণিমা তিথি শুরু হতেই আজ সারা রাজ্যে শুরু হয়ে গেছে ধনসম্পদ, ঐশ্বর্য্য ও খ্যাতির আরাধ্যা দেবী লক্ষ্মীর পূজার্চনা।

(২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, ত্রিপুরার জনজাতি সংস্কৃতি কেবল এক সম্প্রদায়ের সম্পদ নয়, এটি গোটা রাজ্যের গর্ব।

(৩) নির্বাচন কমিশন বিহার বিধানসভার নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে| নির্বাচন দুই দফায়, আগামী ৬ এবং ১১ নভেম্বর |

(৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মাই ভারত-জাতীয় সেবা প্রকল্প পুরস্কার প্রদান করেছেন।

***************************************

**Laxmi Puja :**

আজ কোজাগরী লক্ষ্মীপূজা।

****** Sound byte *******

পূর্ণিমা তিথি শুরু হতেই আজ সারা রাজ্যে শুরু হয়ে গেছে ধনসম্পদ, ঐশ্বর্য্য ও খ্যাতির আরাধ্যা দেবী লক্ষ্মীর পূজার্চনা। যে যার সাধ্যমতো যোগাড় করে নিয়েছেন দেবীপূজার নানা উপাচার। আজও আগরতলা শহরের বিভিন্ন বাজারগুলোতে শব্দবাজি বাজেয়াপ্ত করার অভিযান চালানো হচ্ছে। পরিবেশের কথা মাথায় রেখে সদর মহকুমা শাসক ও দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর যৌথ উদ্যোগে শব্দবাজি পোড়ানোর উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কোজাগরী লক্ষ্মী পূজো উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

*******************

**PM GREETINGS :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শারদপূর্ণিমা উপলক্ষে আজ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন | তিনি এই পবিত্র উৎসবে সবার সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন।

********************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন ত্রিপুরার জনজাতি সংস্কৃতি কেবল একটি সম্প্রদায়ের সম্পদ নয়, গোটা রাজ্যের গর্ব। জনজাতিদের

ঐতিহ্যবাহী নাচ গান, পোশাক, ভাষা সহ প্রতিটি উপাদান তাদের পরিচয়ের অবিচ্ছেদ্য অংশ। নতুন প্রজন্মের কাছে এই ঐতিহ্যকে পৌঁছে দেওয়া এই রাজ্যের সকল অংশের মানুষের সামাজিক ও নৈতিক দায়িত্ব। গতকাল রাতে জিরানিয়া মহকুমার চম্পকনগরের রবিচরণ ঠাকুর পাড়ার গুরু চরণ হাই স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত ১৮তম ত্রিপুরী দফা হজাগিরি তের–২০২৫ -এর উদ্বোধন করে তিনি একথা বলেন। শ্রী দেববর্মা বলেন, রাজ্য সরকার জনজাতিদের সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ ও পুনরুজ্জীবনের লক্ষ্যে একাধিক প্রকল্প হাতে নিয়েছে |

**********************

**Prabarna Purnima :**

আজ মগ সম্প্রদায়ের বৌদ্ধ ধর্মালম্বীরা মেতে উঠেছেন তাদের বৃহত্তম ধর্মীয় উৎসব ওয়া উৎসবের আনন্দে। সমস্ত সম্প্রদায়ের বৌদ্ধ ধর্মাবলম্বীদের মতে, আজ প্রবারণা পূর্ণিমা তিথি। আষাঢ় মাসের পূর্নিমা থেকে শুরু হওয়া বর্ষাবাস শেষ হয়েছে আজ। সেই আনন্দে সকাল থেকেই উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে দিনটি উদযাপন করছেন বৌদ্ধ ধর্মালম্বীরা। সকালে বৌদ্ধ বিহারগুলিতে পতাকা উত্তোলন, ত্রিপিটক পাঠ, বাড়িঘরে নানারকমের মিস্টি বানিয়ে খাওয়া, দুপুরে বৌদ্ধ বিহারে বৌদ্ধ ভিক্ষুদের জন্য আহারের ব্যবস্হা সহ নানা অনুষ্ঠান শেষে সন্ধ্যায় এই উৎসবের মূল আকর্ষণ রঙিন কাগজ দিয়ে তৈরি ফানুশ বা আকাশবাতি শরতের আকাশে উড়িয়ে আনন্দে মেতে উঠেছেন বৌদ্ধ ধর্মালম্বীরা। সন্ধ্যার পর থেকে দক্ষিন জেলার আকাশ আরও উজ্বল হয়ে উঠেছে আকাশবাতির রঙিন আলোয়।

**********************

**CPA-KOHIMA :**

কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন - ভারতের জোন তিন 'এর প্লেনারি সম্মেলন নভেম্বর মাসে কোহিমায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই অনুষ্ঠানের প্রস্তুতি উপলক্ষ্যে নাগাল্যান্ড বিধানসভার অধ্যক্ষ শারিনগাইন লংকুমার সম্প্রতি লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার সঙ্গে নতুন দিল্লিতে উত্তর-পূর্ব ভারতের সংসদীয় উদ্যোগ নিয়ে বৈঠক করেন। সম্মেলনের প্রস্তুতি ও উত্তর-পূর্ব ভারতের আঞ্চলিক সহযোগিতার গুরুত্বের বিষয়ে শ্রী লংকুমার ওম বিড়লাকে অবহিত করেন।

***********************

**ECI-Bihar Assembly Election :**

নির্বাচন কমিশন বিহার বিধানসভার নির্বাচনের নির্ঘন্ট আজ ঘোষণা করেছে| আগামী ৬ এবং ১১ নভেম্বর দুই দফায় নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোট গণনা হবে ১৪ নভেম্বর| আজ নয়াদিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার নির্বাচন নির্ঘন্ট ঘোষণা করে জানান, বিহারে মোট ২৪৩ টি বিধানসভা আসনের ভোট গ্রহণ করা হবে | নির্বাচনী নির্ঘন্ট ঘোষণার সঙ্গে সঙ্গে বিহারে আজ থেকে আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে। তিনি বলেন, বিহারে সাত কোটি ৪৩ লক্ষ ভোটারের জন্য ৯০ হাজার ৭১২ টিরও বেশি ভোটকেন্দ্র স্থাপন করা হবে। ৬ই নভেম্বর প্রথম দফায় ভোটের জন্য বিজ্ঞপ্তি জারী করা হবে আগামী ১০ অক্টোবর। দ্বিতীয় দফায় ভোটের জন্য বিজ্ঞপ্তি জারি করা হবে ১৩ অক্টোবর।নির্বাচনী প্রক্রিয়া পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণের জন্য সমস্ত ভোটকেন্দ্রে ওয়েবকাস্টিং করা হবে।

**********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

********************

**President NSS :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে ২০২২-২৩ সালের জন্য মাই ভারত-জাতীয় সেবা প্রকল্প (এনএসএস) পুরষ্কার প্রদান করেছেন। তিনি এন.এস.এস. ইউনিট এবং তাদের প্রোগ্রাম অফিসার এবং এনএসএস স্বেচ্ছাসেবকদের ৪০টি পুরস্কার প্রদান করেন। এন.এস.এস. স্বেচ্ছাসেবক, ইউনিট এবং প্রোগ্রাম অফিসারদের সমাজ সেবা ও জাতি গঠনে ব্যতিক্রমী অবদানকে স্বীকৃতি দেওয়ার জন্য যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক প্রতি বছর জাতীয় সেবা প্রকল্প পুরস্কার প্রদান করে থাকে। আগরতলা রামঠাকুর কলেজের এন.এস.এস. স্বেচ্ছাসেবক অনুপম দাস আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছ থেকে পুরস্কার গ্রহন করেন। তিনি

পরিবেশের ভারসাম্য বজায় রাখতে ৫৪০ টি চারাগাছ রোপণ এবং বিভিন্ন জলাশয় পরিষ্কার-পরিচ্ছন্ন করে সমাজের কাছে এক অনন্য বার্তা দিয়েছেন।

******BYTE-Anupam Das *******

অনুষ্ঠানে রাষ্ট্রপতির হাত থেকে পুরস্কার গ্রহণ করেন আগরতলা বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয়ের শিক্ষক প্রোগ্রাম অফিসার শ্যামল দে তিনি ১১৮৫টি বৃক্ষরোপণ ৫১ ইউনিট রক্ত সংগ্রহ করার পাশাপাশি পালস পোলিও এবং ভোটাধিকার সম্পর্কে মানুষকে সচেতন করার কাজ করেছেন।

********BYTE-Shyamal Dey *********

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

******************

**Nepal flood :**

ভারী বৃষ্টিতে বন্যা ও ভূমিধসে বিপর্যস্ত নেপাল। প্রাকৃতিক দুর্যোগে এখনও পর্যন্ত মৃত্যু হয়েছে ৪৯ জনের, শুধুমাত্র ইলাম জেলায় মৃতের সংখ্যা ৩৮। অবিশ্রান্ত বৃষ্টিতে ঘরবাড়ি, রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হয়েছে। যোগমাই জলবিদ্যুৎ প্রকল্পও ক্ষতিগ্রস্ত। গৃহহীন ২৫ হাজারের বেশি মানুষ। নেপালে মেচি হাইওয়ে সহ প্রধান সড়কগুলি অবরুদ্ধ হয়ে রয়েছে, যার ফলে উদ্ধারের কাজ  ব্যাহত ইতিমধ্যে ভারত সরকারের পক্ষ থেকে সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

********************

**Police – raid :**

রাজধানী আগরতলায় শব্দবাজির বিরুদ্ধে পুলিশী অভিযান চলছে | পূর্ব আগরতলা থানার ওসি সুব্রত দেবনাথ জানান, আজ মহারাজগঞ্জ বাজার ও শহরের অন্য বাজারগুলিতে শব্দবাজির বিরুদ্ধে অভিযান চালু হয়। এই অভিযানে এক লক্ষ টাকার শব্দবাজি বাজেয়াপ্ত করা হয়েছে। এন.সি.সি. থানার ও.সি. প্রজিৎ মালাকার জানান, গতকাল থেকে আজ পর্যন্ত গোয়ালাবস্তি, জিবি বাজার সহ বিভিন্ন এলাকায় শব্দবাজি ও নেশা বিরোধী অভিযান চালানো হয়েছে। অভিযানে এগারজনকে আটক করা হয়। উদ্ধার করা হয়েছে প্রায় এক লক্ষ টাকার শব্দবাজি |

সিপাহীজলা জেলার মধুপুর বাজার, দেবীপুর বাজার ও আনন্দ চৌমুহনী এলাকায় অভিযান চালিয়ে পুলিশ বেশ কিছু শব্দ বাজি বাজেয়াপ্ত করে ।

*********************

**Detain yaba of 69 crore :**

শুল্ক দপ্তরের পক্ষ থেকে গত ৭২ ঘণ্টায় রাজ্যের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৬৯ কোটি টাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে | চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের আজ আগরতলায় জেলা ও দায়রা আদালতে সোপর্দ করা হয় | বিচারপতি তাদের জেল হাজতে রাখার নির্দেশ দেন।

*********************

**WPA-PM congratulates :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্ব প্যারা-অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে ভারতীয় খেলোয়াড়দের

ঐতিহাসিক কৃতিত্ব অর্জনের জন্য প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী আজ সামাজিক মাধ্যমে বলেছেন, ভারতীয় দল তাদের সেরা পারফরম্যান্স করেছে, ৬টি স্বর্ণপদক সহ ২২টি পদক জিতেছে। তিনি ক্রীড়াবিদদের অভিনন্দন জানিয়ে বলেন, তাদের সাফল্য অনেককে অনুপ্রাণিত করবে। তিনি দলের প্রত্যেক সদস্যের জন্য গর্ববোধ করছেন এবং তাদের ভবিষ্যত সাফল্যের জন্য শুভকামনাও জানিয়েছেন।

********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪.৭ ডিগ্রী সেলসিয়াস। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১০.২ মিলিমিটার।

******************

******************